# Eid Salat Time Table In Sydney

## ঈদ মোবারক

**৩০-০৯-২০০৮/০১-১০-২০০৮**

**(চাঁদ দেখার ভিত্তীতে ইনশা-আল্লাহ)**

- **স্থান ঃ দারুস্ সালাম (সেফটন) মসজিদ**
  সময় ঃ সকাল ৭:৩০ ঘটিকায়
  যোগাযোগ ঃ ০৪১২ ৯৫২ ১১৬, ০৪১৩ ৯৩৭ ৭১৫, ০৪৩১ ৫৬০ ৮৯৬

- **স্থান ঃ প্যারিপার্ক (ল্যাকেম্বা)**
  Punchbowl rd, Cnr of Collin St
  সময় ঃ সকাল ৭-৩০ মিঃ
  যোগাযোগ ঃ ০৪০২ ৪৮৮ ২৪৯, ০৪০১ ৭৩৩ ২৫২, ০৪১২ ৫০১ ৮৭৯

- **স্থান ঃ ম্যারিকভীল টাউন হল**
  303 Marrickville rd.
  সময় ঃ সকাল ৭:৩০ ঘটিকায়
  যোগাযোগ ঃ ০৪২২ ৮৭৪ ৪০৫, ০৪৩১ ২১৪ ২৭৩, ০৪৩১ ৫৯১ ১০১

- **স্থান ঃ ইষ্টার্ণ সাবার্ব (Heffron Park)**
  Randwick sport centre(Bunnerong road)
  Opposite of Southpoint shopping centre .
  সময় ঃ সকাল ৭ঃ৩০ ঘটিকায়
  যোগাযোগ ঃ ০৪১৩ ৮৪৩ ১৫৭, ০৪১৬ ২৭০ ৩১০, ০৪০১ ৬৮০ ৯৪১, ০৪০২ ৩৬১ ৪২২

- **স্থান ঃ রকডেল (Rockdale Town Hall)**
  **Bryant Street, Rockdale**
  **কর্ণার অফ প্রিন্সেস হাইওয়ে,**
  সময় ঃ সকাল ৭ঃ৩০ মিনিটে।
  যোগাযোগ ঃ ০৪০৩ ৫৫৪ ১২৬, ০৪২৫ ২৫৬ ৪১৫, ০৪২১ ২৭৩ ১৬১

| | | |
|---|---|---|
| স্থান | ঃ | **Quakers Hill Community Centre**<br>Lalor Rd,Cnr Pearce Rd(Opposite of Qckhll. Police stn.) |
| সময় | ঃ | সকাল ৯ঃ০০ ঘটিকায় |
| যোগাযোগ | ঃ | ৯৮৩২ ২৯২১, ৯৮৩২ ০৮১২, ৯৬৭৫ ২৪২১, ৯৬২৮ ৪৫৬৮ |

| | | |
|---|---|---|
| স্থান | ঃ | **ম্যাকুয়ারীফিল্ডস কমিউনিটি হল**<br>Field Rd, Macqariefields |
| সময় | ঃ | সকাল ৭ঃ৩০ ঘটিকায় |
| যোগাযোগ | ঃ | ০৪৩১ ৭১৮ ১৪০, ০৪০৪ ০৮৭ ২৫০, ০৪২১ ১২০ ৫৪৬ |

এ ছাড়া চাঁদ দেখে প্রতি বছরের ন্যায় এবারও বিশ্বের বিভিন্ন দেশে ঈদুল-ফিতর উদ্‌যাপিত হচ্ছে। অষ্ট্রেলিয়ার বিভিন্ন শহর গুলোতে একই দিনে যারা ঈদ উদযাপন করছে তাদের মধ্যে অন্যতম হচ্ছে- কোরআনিক সোসাইটি (ল্যাকেম্বা মুসাল্লা), আর্গেষ্ট ষ্টীট মুসাল্লা, ক্যমসি মুসাল্লা, ম্যারিকভীল মুসাল্লা, রকডেল মুসাল্লা, কোগরাহ মুসাল্লা, রেডফার্ণ মুসাল্লা, স্যরিহীলস মসজিদ, গ্রীনভ্যালী মসজিদ, প্যারামাটা, হাষ্টভীল, হীলসডেল, রিভারউড, রোজহীল, এ্যাশফিল্ড, ষ্ট্রেথ ফিল্ড, গ্রীন একার মুসাল্লা, রুটিহীল মসজিদএ একই দিনে ঈদ উদযাপিত হচ্ছে। তাছাড়া গসফোর্ড, ওয়েঅং মসজিদে, ক্যানবেরা হিউস এরিয়ায়, মেলবোর্নে ফ্রোকার মসজিদ, হান্টিংডেলে মনাষ বিশ্ববিদ্যালয়, তাসমানিয়ায় লং চেষ্টন মুসাল্লা, এডিলাইডে সিলিস প্যালন, ব্রিসব্রেনের হল্যাণ্ড পার্ক, বন্ডহিল, কারাতি এবং বুরান্ডা মসজিদ, পার্থ জামে মসজিদ, ডারউইনসহ বিভিন্ন স্টেটে চাঁদ দেখে রোজা এবং ঈদের নামাজ উদযাপিত হচ্চে বলে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ "তার বার্তায়" জানিয়েছেন।

।

# ঈদুল ফিতরের সুন্নাতসমূহ "

মুসলিম উম্মাহর জন্য প্রতি বছর আনন্দের সওগাত নিয়ে আসে ঈদুল ফেতর। আনন্দ উৎসবের এ দিনটিতে সীমা লংঘন না করিয়া শরীয়ত নির্দেশিত পন্থায় সংযত থাকিয়া এ উৎসব পালন করা বাঞ্চনীয়। ঈদের রাতে ও দিনে যে ব্যক্তি আল্লাহ্ পাকের ইবাদত বন্দেগী করে আল্লাহ পাক রোজ হাশরের মহা সংকটের দিন দুঃখ কষ্ট হতে নাজাত দিবেন। ঈদগাহে যাবার পূর্বেই (সকাল বেলা) সাদাকা-ফিতরা আদায় করতে হবে। এ সদ্‌কা হলো শরীরের যাকাত। মুসলমানগন সাদাকাতুল ফিত্‌র আদায় করে থাকেন এই দিনে তাই এ উৎসবকে ঈদুল ফিতর বলা হয়। এই আনন্দের দিনে ১৩টি আ'মল আমাদের প্রিয় নবী হজরত মুহাম্মদ (সাঃ) করতেন; যা আজ আমাদের জন্য সুন্নাত। নবীজীর সেই আমলগুলো হলোঃ

১.অতি ভোরে নিদ্রা ত্যাগ করা ২. ফজরের নামাজ নিজ মহল্লার মসজিদে আদায় করা ৩. মিসওয়াক করা ৪. সুন্নাত তরীকায় গোছল করা ৫. যথাসম্ভব উত্তম পোষাক পরিধান করা ৬. সুগন্ধি (পার্‌ফিউম নয়) অর্থাৎ আতর লাগানো ৭. ঈদগাহে যাবার পূর্বে কোন মিষ্টি খাবার খাওয়া ৮. ঈদগাহে যাবার পূর্বে সাদাকাতুল ফিত্‌র

আদায় করা (যদি উক্ত ব্যক্তির উপর সাদাকাতুল ফিত্‌রা ওয়াজিব হয়) ৯. শরীয়তের সীমার মধ্যে থেকে যথাসাধ্য আনন্দ প্রকাশ করা ১০. ঈদাগাহে পায়ে হেঁটে যাওয়া ১১. ঈদগাহে যাওয়ার সময় আস্তে আস্তে অধিক পরিমান তাকবীরে তাশ্‌রীক পড়া (আল্লাহু আকবর, আল্লাহু আকবর, লা-ই-লাহা ইল্লাল্লাহু ওয়াল্লাহু আকবর, আল্লাহু আকবর ওয়ালিল্লা হিল হাম্মদ্) ১২. ঈদগাহে এক রাস্তায় যেয়ে অন্য রাস্তায় ফেরত আসা ১৩. বিনা ওজরে মসজিদে না পড়ে ঈদের নামাজ ঈদগাহে পড়া।

**ঈদুল ফিতরের নামাজের নিয়তঃ**

**বাংলা:** আমি এই ঈমামের পিছনে দাঁড়িয়ে কেবলামুখী হইয়া আল্লাহর ওয়াস্তে ছয় তকবীরের সহিত দুই রাকাত ঈদুল ফিতরের ওয়াজিব নামাজ আদায়ের নিয়ত করিলাম।

**আরবী:** নাওয়াইতু আন উছাল্লিয়া লিল্লাহি তা'য়ালা রাক আ তাই সালাতি ঈদিল ফিতরি, মা আ সিত্তি তাকবিরাতিন মুক্তাদিয়াম বিহাযাল ঈমাম মুতাওয়াজ্জিহান ইলাজিহাতিল কাবাতিশ শারিফাতি - আল্লাহু আক্‌বার।

# ঈদ মোবারক bic.sefton@gmail.com

## বাংলাদেশ ইসলামিক সেন্টারের প্রচার ও প্রকাশনা দপ্তর থেকে প্রচারিত